**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 12.03.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling & NR : DSS**
**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ বিধানসভার অভ্যন্তরে বারবার গুরুত্বপূর্ণ নথি ছেঁড়ার প্রেক্ষিতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বিজেপি বিধায়কদের আজ থেকে আর কোনও কাগজ না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

# এদিকে বিজেপি, এই সিদ্ধান্তের প্রতিবাদে আজ সভায় মুলতুবি প্রস্তাব আনতে চলেছে।

২/ গঙ্গা-পদ্মার ভাঙ্গনে মালদা, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার প্রায় ৩ হাজার চারশ' হেক্টর জমি নদীগর্ভে চলে গেছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

৩/ নির্বাচন কমিশন, ডুপ্লিকেট এপিক নিয়ে তৈরী হওয়া যাবতীয় সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছে।

# এদিকে, ভুয়ো ভোটার নিয়ে অভিযোগ জানাতে তৃণমূল কংগ্রেস এবং বিজেপি উভয় দলই গতকাল নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়।

৪/ দোলযাত্রা উপলক্ষ্যে রাজ্য সরকার আজ একটি মিলন উৎসবের আয়োজন করেছে।

৫/ ইস্টবেঙ্গল আজ AFC চ্যালেঞ্জ লীগ ফুটবলের কোয়ার্টার ফাইনালের ফিরতি ম্যাচে তুর্কমেনিস্থানের FC আর্কাদাগের মুখোমুখি হবে।

*******************************************************************

বিজেপি, বিধানসভায় বিরোধীদের কণ্ঠরোধের প্রতিবাদে আজ সভায় মুলতুবি প্রস্তাব আনতে চলেছে। দলের পক্ষ থেকে বিক্ষোভ'ও প্রদর্শন করা হবে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল সাংবাদিকদের বলেছেন, অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় যেভাবে তাঁদের দলের বিধায়কদের আর কোনো কাগজ না দেওয়ার কথা ঘোষণা করেছেন, তা' সংবিধানের এক বিরলতম ঘটনা। এর প্রতিবাদে বিজেপি বিধায়করা প্রতিদিন এক দিস্তা করে কাগজ নিয়ে যাবেন। প্রয়োজনে প্রতিবাদ জানিয়ে তা' ছেঁড়াও হবে। অধ্যক্ষের আচরণের প্রতিবাদে এমাসের ১৯ তারিখ তাঁরা বিমান বাবুর বিধানসভা কেন্দ্র বারুইপুরে কালো ব্যাজ পড়ে বিক্ষোভ প্রদর্শন করবেন। শুভেন্দুবাবু আরো অভিযোগ করেন, রাজ্য সরকারের তোষণ চরম সীমায় পৌঁছে যাওয়ায় হিন্দু প্রতিষ্ঠান এবং দেবদেবী বারংবার আক্রান্ত হচ্ছে। বিধানসভার অভ্যন্তরে বিরোধীদের কণ্ঠ রোধ করে সরাসরি বাংলার মানুষের কণ্ঠ রোধের প্রয়াস চলেছে।

( বাইট- শুভেন্দু )

আগেই জানানো হয়েছে, বিধানসভার অভ্যন্তরে প্রতিবাদ বিক্ষোভ দেখাতে গিয়ে বারবার কার্যবিবরণীর কাগজ সহ গুরুত্বপূর্ণ নথি ছেঁড়ার প্রেক্ষিতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আজ থেকে বিজেপি বিধায়কদের আর কোনও কাগজ না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। হিন্দু মন্দিরে হামলার ঘটনায় বিজেপির আনা মুলতুবি প্রস্তাব নিয়ে বাকবিতণ্ডার সময় বিরোধী সদস্যদের আচরণের নিন্দা করে অধ্যক্ষ গতকাল বিধানসভার সচিবকে এই মর্মে নির্দেশ দেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, বিধানসভার মর্যাদা রক্ষার দায়িত্ব সকলের। বিরোধীরা যেভাবে গুরুত্বপূর্ণ নথি ছিড়ে ফেলছেন, তা' অত্যন্ত দুর্ভাগ্যজনক ও দৃষ্টিকটূ।

( বাইট- অধ্যক্ষ )

*********************

গঙ্গা ও পদ্মা নদীর ভাঙ্গনে ২০০5 থেকে ২০২৪ সাল পর্যন্ত রাজ্যে মালদা, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার প্রায় ৩ হাজার ৩৯৫ হেক্টর জমি নদীগর্ভে চলে গেছে বলে রাজ্য সরকার জানিয়েছে। বিধানসভায় আগামী অর্থ বছরের জন্যে সেচ ও জলপথ দপ্তরের বাজেট বিবৃতিতে এই তথ্য জানিয়ে আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও রাজ্য সরকার গত ১০ বছরে মালদা ও মুর্শিদাবাদের ভাঙ্গন প্রতিরোধে ৫১টি জায়গায় ২৪০ কোটি ৮২ লক্ষ টাকার কাজ সম্পূর্ণ করেছে বলে উল্লেখ করা হয়।

বিবৃতিতে আরো বলা হয়েছে, কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক এই জেলাগুলির ভাঙ্গন রোধে ব্যবস্থা নেওয়ার জন্যে ২০০5 সালে ফারাক্কা ব্যারেজের উজানে ৪০ কিলোমিটার ও ভাঁটায় ৮০ কিলোমিটার মিলিয়ে মোট ১২০ কিলোমিটার নদী পারের দায়িত্ব নিলেও ২০17 সালে তা কমিয়ে ১৯ দশমিক চার কিলোমিটার করেছে। এই সীমানা সংকোচনের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্যে রাজ্যের তরফে কেন্দ্রকে চিঠি দেওয়া হলেও কোন লাভ হয়নি।

********************

রাজ্য সরকার, কেন্দ্রের আনা নতুন শ্রমবিধি মানবে না বলে স্পষ্ট জানিয়েছে। রাজ্য বিধানসভায় গতকাল শ্রম দফতরের বাজেট আলোচনা শেষে জবাবী ভাষণে শ্রমমন্ত্রী মলয় ঘটক বলেন, কেন্দ্রের নতুন শ্রম আইনে শ্রমিকের সংজ্ঞা বদলে দেওয়া হচ্ছে। নতুন শ্রমবিধিতে মাসে ১৫ হাজার টাকার বেশি রোজগার করলে তাকে আর শ্রমিক বলা যাবে না বলে উল্লেখ করা হয়েছে। ফলে ওই বিধি চালু হলে অসংখ্য শ্রমিক প্রভিডেন্ট ফান্ড, ইএসআই-এর মতো সামাজিক সুরক্ষা থেকে বঞ্চিত হবেন। এর বিরুদ্ধে সকলকে একযোগে লড়াই করার আহ্বান জানান তিনি। শ্রম মন্ত্রী আরও বলেন, চা বাগানে শ্রমিকদের জন্য যতদিন শ্রম পর্ষদ স্বীকৃত ন্যূনতম মজুরি চালু না হচ্ছে ততদিন তাঁদের অন্তর্বর্তী বেতন বৃদ্ধির প্রক্রিয়া রাজ্য সরকার চালিয়ে যাবে।

আলোচনার শেষে শ্রম দফতরের এক হাজার ২৩৯ কোটি ২২ লক্ষ টাকার বাজেট বরাদ্দ, সভায় গৃহীত হয়।

********************

বৃত্তিমূলক বা কারিগরী শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি পাওয়ায় রাজ্যে কলেজগুলিতে স্নাতক স্তরে ছাত্র ছাত্রীদের পড়াশুনোর প্রতি আগ্রহ কমছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু গতকাল বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে বলেন, উচ্চ মাধ্যমিকের পরে এখন ছাত্র ছাত্রীরা বিভিন্ন পেশাদারি কোর্স-এর দিকে ঝুঁকছেন। ফলে বর্তমানে রাজ্যের বিভিন্ন কলেজে স্নাতক স্তরে যে ৯ লক্ষ ৪৮ হাজার ৭৮৭টি আসন রয়েছে তার মধ্যে প্রায় সাড়ে চার লক্ষ ফাঁকা।

উল্লেখ্য, কেন্দ্রীয় অনলাইন পোর্টালের মাধ্যমে কলেজে ভর্তির জন্যে কারা কেন আবেদন করেননি, তা নিয়ে শিক্ষা দপ্তর , বিদ্যালয়ের শিক্ষকদের কাছ থেকে যে রিপোর্ট চেয়েছিল তার প্রেক্ষিতেই এই তথ্য উঠে এসেছে।

********************

নির্বাচন কমিশন, ডুপ্লিকেট এপিক নিয়ে তৈরী হওয়া যাবতীয় সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছে। BLO এবং সংশ্লিষ্ট আধিকারিকরা এর সমাধান করবেন বলে কমিশনের তরফে জানানো হয়েছে। একইসঙ্গে ভোট গ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পূর্ণ করতে যে সমস্ত সমস্যার এখনো সমাধান হয়নি, সেব্যাপারেও রাজনৈতিক দলগুলির কাছে পরামর্শ চেয়েছে কমিশন। আগামী ৩০শে এপ্রিল পর্যন্ত এই পরামর্শ দিতে পারবে, জাতীয় ও রাজ্যস্তরের দলগুলি।

এদিকে ভোটার তালিকার ভুয়ো ভোটারদের অন্তর্ভুক্তি, একই নম্বরের একাধিক ভোটার কার্ড থাকা প্রভৃতি বিষয় নিয়ে তৃণমূল কংগ্রেস গতকাল নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় সহ ১০ সদস্যের প্রতিনিধি দল কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে সাক্ষাৎ করে।

এপিক কার্ড ইস্যুতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের হাতে তুলে দেয় স্মারকলিপি। পরে সাংবাদিকদের কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, এব্যাপারে নির্বাচন কমিশন যে জবাব দিয়েছে, তাতে দল সন্তুষ্ট নয়। তিনি জানান, যেখানে বিজেপির সাংসদ-বিধায়ক রয়েছে, সেখানেই ভোটার কার্ড নিয়ে অভিযোগ উঠেছে।

( বাইট- কল্যাণ )

এদিকে, বিজেপি রাজ্যে ভোটার তালিকা পর্যালোচনার দাবী জানিয়েছে। ভুয়ো ভোটার নিয়ে শাসক দলের বিরুদ্ধে অভিযোগ তুলে বিজেপিও গতকাল জাতীয় নির্বাচন কমিশনে যায়। এবিষয়ে তৃণমূল কংগ্রেস অযথা জল ঘোলা করার চেষ্টা করছে অভিযোগ করে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, মুখ্যমন্ত্রী তাঁর ঘনিষ্ঠ আধিকারিকদের দিয়ে এই তালিকা তৈরী করিয়েছেন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর, BDO ও SDO-দের দিয়ে নাম তালিকায় অন্তর্ভুক্ত করা হচ্ছে বলে অভিযোগ করেন সুকান্ত বাবু।

( বাইট- সুকান্ত )

অন্যদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী তৃণমূল কংগ্রেসের সমালোচনা করে বলেছেন, নির্বাচন কমিশন একটি নিরপেক্ষ সংস্থা। তাকে রাজনীতির আঙ্গিনায় না আনার পক্ষে জোরালো সওয়াল করেন তিনি।

( বাইট- অধীর )

********************

বর্ধমান থেকে কলকাতামুখী জাতীয় সড়কে যানজট কমাতে রাজ্য সরকার গতকাল জাতীয় সড়ক কর্তৃপক্ষের সঙ্গে এক বৈঠকে বসে। নবান্নে মুখ্যসচিব মনোজ পন্থের পৌরহিত্যে ওই বৈঠকে, পুলিশ কর্তারা ছাড়াও NHI এবং পূর্ত দফতরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

প্রশাসনিক সূত্রের খবর, বর্তমানে ডানকুনির কাছে একাধিক পরিকাঠামোগত উন্নয়নের কাজ চলার ফলে কলকাতাগামী রাস্তা প্রায়ই বন্ধ থাকছে। এর প্রভাব পড়ছে ২ নম্বর জাতীয় সড়ক ও কোণা এক্সপ্রেসওয়ের উপর। দীর্ঘক্ষণ যানজটে আটকে থাকছে হাজার হাজার গাড়ি। পালসিট থেকে সাঁতরাগাছি পর্যন্ত ৮৮ কিলোমিটারের মতো রাস্তার উপর সব থেকে বেশি সমস্যা হচ্ছে।

গতকালের বৈঠকে এই সমস্যার সমাধান সূত্র খোঁজা হয়েছে। তবে NHI-এর তরফে স্পষ্ট জানানো হয়েছে, আগামী আরও দু'মাস ওই এলাকায় কাজ চলবে। ফলে আপাতত এই সমস্যা পুরোপুরি মিটবে না। তবে পুলিশ-প্রশাসনকে যতটা সম্ভব যানজট কমিয়ে রাস্তার গতি বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে।

*******************

দোলযাত্রা উপলক্ষ্যে রাজ্য সরকার আজ একটি মিলন উৎসবের আয়োজন করেছে। কলকাতার আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে আজ বিকেলে এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উপস্থিত থাকবেন। চলতি রমজান মাসে উৎসবের দিনগুলিতে রাজ্যে আইন শৃঙ্খলা ও সম্প্রীতি রক্ষার উপরে জোর দেওয়া হবে বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, সব ধর্মের মানুষকে নিয়েই এই অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছিলেন।

*******************

দোলযাত্রা উপলক্ষ্যে মেট্রো রেল আগামী শুক্রবার কম ট্রেন চালাবে। ঐদিন কবি সুভাষ দক্ষিনেশ্বর করিডরে ২৬২টির পরিবর্তে আপ ও ডাউনে মোট ৬০ টি ট্রেন চালানো হবে। দুই প্রান্ত থেকে দুপুর আড়াইটায় প্রথম ট্রেন ছাড়বে। অন্যদিকে এসপ্ল্যানেড হাওড়া ময়দানের মধ্যে (১৩০টির পরিবর্তে) ৪২টি ও শিয়ালদা-সেক্টর ফাইভের মধ্যে (১০৬টির পরিবর্তে )২২টি ট্রেন চালানো হবে বলে মেট্রোর তরফে জানানো হয়েছে। মাঝেরহাট-জোকা ও কবি সুভাষ-রুবী করিডরে ঐদিন-কোনো ট্রেন চলবে না।

*******************

কল্যাণী এক্সপ্রেসওয়েতে গতরাতে একটি অ্যাপ ক্যাবের মধ্যে থেকে সুটকেস বন্দী মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়।

পুলিশ সূত্রে জানা গেছে, দুজন ওই অ্যাপ ক্যাবে ওই সুটকেসটি নিয়ে যাচ্ছিলেন। ঘোলার কাছে কল্যাণী এক্সপ্রেসওয়ের একটি ফাঁকা জায়গা দেখে তাঁরা নামার সময়

চালকের সন্দেহ হয়।  তিনি জেরা শুরু করলে একজন পালিয়ে যায়। অন্যজনকে চালক ধরে ফেলে পুলিশের হাতে তুলে দেন। পরে পুলিশ সুটকেসের মধ্যে থেকে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করে। তাঁর পরিচয় এখনো জানা যায়নি। ধৃত ব্যক্তির নাম করণ সিং। রাজস্থানের বাসিন্দা করণকে থানায় জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করা হয়।

অন্যদিকে, পলাতক দ্বিতীয় ব্যক্তি কৃশ সিং-কে আজ ভোর রাতে গিরিশ পার্ক এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে। সেও রাজস্থানের বাসিন্দা।

********************

কেন্দ্রীয় তদন্ত ব্যুরো-CBI, আর্থিক দুর্নীতির অভিযোগে মালদা মেডিকেল কলেজের ফেসিলিটি ম্যানেজারকে গ্রেপ্তার করেছে। CBI আধিকারিকরা গতকাল ফেসিলিটি ম্যানেজার অভিজিৎ দাসকে গ্রেপ্তার করে ইংরেজবাজার থানায় নিয়ে যায়। পরে তাঁকে মালদা আদালতে তোলা হলে ট্রানজিট রিমান্ডে কলকাতায় নিয়ে আসা হয়। মেডিকেল কলেজ সূত্রে জানা গিয়েছে,  চার মাস আগে আলিপুরদুয়ার সরকারি হাসপাতাল থেকে স্থানান্তরিত হয়ে মালদা মেডিকেল কলেজের ফেসিলিটি ম্যানেজার হিসেবে যোগদান করেন অভিজিৎ দাস।

********************

ইস্টবেঙ্গল আজ এএফসি চ্যালেঞ্জ লিগ ফুটবলে কোয়ার্টার ফাইনালের ফিরতি ম্যাচে তুর্কমেনিস্তানের এফসি আর্কাদাগের মুখোমুখি হবে। আর্কাদাগ স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় বিকেল চারটেয়। সেমিফাইনালে যেতে হলে এই ম্যাচে ইস্টবেঙ্গলকে অন্তত দুই গোলের ব্যবধানে জিততে হবে।

*****************************************************************